

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৩.২৭.৬১৯.১৬-৯০

তারিখঃ ২৬/০৬/২০১৮

বিষয়ঃ জেনারেটর ক্রয় কাজের ই-টেন্ডার মূল্যায়নে মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্র: নিঃপ্রঃ (ই/এম)/উএপ্রঃ/৯৪১; তাং-০৭/০৬/২০১৮।

উপর্যুক্ত বিষয়ে সূত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরবরাহতব্য পণ্যের মান নিশ্চয়তা বিধানকল্পে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর, ২০০৮) এর বিধি-২৯(৫) এর সংস্থান মতে ক্রয়কারী দরদাতাকে কোন নির্দিষ্ট সনদ দাখিলের শর্ত আরোপ করতে পারে। বিবেচ্য পণ্যের বিনির্দেশে (Specification) "The manufacturer must have ISO 9001" মর্মে দাখিলের বাধ্যতামূলক (Mandatory) শর্ত আরোপ করা হয়েছে। এ শর্তের মর্মার্থ হল বিবেচ্য ক্রয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট পণ্যের উৎপাদনকারীকে অবশ্যই উক্ত ISO 9001 সনদের অধিকারী হতে হবে। এর ব্যত্যয় হলে সনদটি অগ্রহণযোগ্য হবে।

০২। এমতাবস্থায়, দরদাতা কর্তৃক যে ISO সনদ দাখিল করা হয়েছে তা প্রকৃত উৎপাদনকারীর কিনা তা যাচাই করে সিদ্ধান্ত গ্রহণের এখতিয়ার দরপত্র মূল্যায়ন কমিটির।

০৩। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হলো।

নির্বাহী প্রকৌশলী (ই/এম)
উত্তরা এপার্টমেন্ট নির্মাণ প্রকল্প (গণপূর্ত অংশ)
গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।

(মোহাম্মদ সালাহ উদ্দিন)
উপপরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৩/১০৩
cptudd3@cptu.gov.bd

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ

১. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, উত্তরা এপার্টমেন্ট প্রকল্প (গণপূর্ত অংশ) এবং গণপূর্ত প্রকল্প সার্কেল-১, গণপূর্ত অধিদপ্তর, পূর্তভবন, সেগুনবাগিচা, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
৩. অফিস কপি।